বিজ্ঞাপনের যুগে মিথ্যা প্রতিশ্রুতি নয়, বাস্তবের মুখোমুখি যিনি ভূত-ভবিষ্যৎ ও বর্তমানের দিশারী স্বামি শিবানন্দ মহারাজ ভারত বর্ষের তথা পৃথিবীর বিরল ব্যক্তিত্বের মধ্যে অন্যতম যিনি দেখা মাত্র মানুষের সমস্যা বলতে পারেন এবং সমাধানের পথ দেখান নিজ উপস্থিতিতে স্বচক্ষে বিচার - বিবেচনা ও বুদ্ধি সহযোগে পরীক্ষা করুন।
স্বামী শিবানন্দ মহারাজ
দেশবন্ধুপাড়া মহামায়া কালীবাড়ির পাশে, সাবিত্রী মুখার্জীর বাড়ী। বাবা থাকবেন ২ই ডিসেম্বর থেকে ৭ই ডিসেম্বর বসছেন। শনিবার C.C.N. বিনোদনে রাত্রি ৬.৩০-৭.৩০ টায় লাইভ অনুষ্ঠান দেখুন। প্রতিশনিবার সকাল ১১.৩০মিনিটে Ne বাংলায় লাইভ অনুষ্ঠান দেখুন।
ফোন নংঃ-৯৩৩১০-৬৯৫০১/৯৪৩৩৪-০৯৩৫৮

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ১৬ অগ্রহায়ণ ১৪১৮ শনিবার ২.৫০ টাকা 3 December 2011 Saturday 16 Pages Rs. 2.50 ইন্টারনেট সংস্করণ ঃ http://www.uttarbangasambad.com

Chakra Group
চক্রগ্রুপ চক্রযুগ
www.chakragroup.org
Call : (033) 2355-8862 / 9339919721
হোটেল নয়নতারা (তারাপীঠ)
For Booking Call : +91 9051569882
• Real Estates • Hotel & Services • Turnkey Projects • Agro Infrastructures

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ম্যাচ জেতানো শতরানের পর বিরাট কোহলি। ভাইজাগে শুক্রবার। –পিটিআই

বিদেশি লগ্নি ইশ্যুতে ফোন মনমোহনের

নিজের সিদ্ধান্তে অনড় মমতা

হুগলি ও নয়াদিল্লি, ২ ডিসেম্বর : খুচরো ব্যবসায় প্রত্যক্ষ বিদেশি লগ্নিকে সমর্থন না করার সিদ্ধান্তে অনড় থাকলেন তৃণমূল কংগ্রেস সভানেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন হুগলির ডানকুনিতে মুখ্যমন্ত্রী বলেন, 'এই ব্যাপারে আজ প্রধানমন্ত্রীর সঙ্গে আমার আলোচনা হয়েছে। সরকারের পতন আমরা চাইছি না। এটা অত্যন্ত স্পর্শকাতর বিষয়। কিন্তু তাই বলে খুচরো ব্যবসায়ে বিদেশি লগ্নিকে কোনোভাবেই সমর্থন করা সম্ভব নয়।'

এর আগে এদিন মুখ্যমন্ত্রীর মায়ের শারীরিক অবস্থা জানতে চেয়ে মমতাকে ফোন করেন প্রধানমন্ত্রী মনমোহন সিং। বিদেশি লগ্নি নিয়ে তখন মমতার সঙ্গে বেশ কিছুক্ষণ কথা হয় মনমোহনের। প্রধানমন্ত্রীর দফতর সূত্রে জানানো হয়েছে, মনমোহন মমতাকে সরকারের ওই সিদ্ধান্তর সুফল সম্পর্কে বোঝান। কিন্তু নিজের অবস্থান স্পষ্ট করে মমতা প্রধানমন্ত্রীকে পালটা জানান যে, চাষিদের জীবনজীবিকা নিশ্চিত করতে হবে। মানুষের কাছে আমাদের দায়বদ্ধতা আছে। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে বিদেশি লগ্নির প্রস্তাব প্রত্যাহার করার কথা বলেন। উল্লেখ্য, গতকালও প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর তৃণমূলের তরফে সাফ জানিয়ে দেওয়া হয়েছিল যে, বিদেশি লগ্নির প্রস্তাবের বিরোধিতা জারি রাখলেও সরকার থেকে সমর্থন তুলে নেবে না। গতকাল তৃণমূল নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, খুচরো ব্যবসায় বিদেশি লগ্নি আসলে ছোটো চাষি, খেতমজুরদের স্বার্থ বিপন্ন হবে। এদের স্বার্থ জলাঞ্জলি দিয়ে বহুজাতিকদের স্বার্থরক্ষা করা যাবে না। যদিও বিদেশি লগ্নির প্রস্তাব প্রত্যাহার করা নিয়ে কোনো আশ্বাস দেননি প্রধানমন্ত্রী মনমোহন সিং। এদিন প্রধানমন্ত্রী মমতাকে নিজের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করারও আর্জি জানান। তবে এই আর্জি মানতে রাজি হননি মমতা। তিনি প্রধানমন্ত্রীকে কেন্দ্রের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার অনুরোধ জানান। তিনি বলেন, এই বিষয়ে আমাদের অবস্থান স্পষ্ট। আমাদের দলের ইস্তাহারে দলের অবস্থান পরিষ্কারভাবে বলা আছে।

প্রধানমন্ত্রী যখন মমতাকে বোঝানোর উদ্যোগ নিয়েছেন, তখন একটু হলেও মমতার উদ্দেশ্যে কড়া বার্তা দিয়ে রাখলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখার্জি। এদিন নয়াদিল্লিতে হিন্দুস্তান টাইমস লিডারশিপ সামিটে তিনি বলেন, 'যেসব রাজ্য খুচরো ব্যবসায় বিদেশি লগ্নি চায় না, তাদের উচিত যেসব রাজ্য চাইছে, তাদের পথে বাধা না দেওয়া। তবে শুধু তৃণমূলকে নয়, বিদেশি লগ্নি ইশ্যুতে যেভাবে বিরোধীরা রোজ রোজ সংসদ অচল করে রাখছে, তারও প্রবল সমালোচনা করেন প্রণববাবু।' তিনি বলেন, সংকীর্ণ রাজনৈতিক স্বার্থের জন্য খুচরো ব্যাবসাতে বিদেশি লগ্নি রোধ করা হলে তাতে ক্ষতিগ্রস্ত হবে চাষি এবং উপভোক্তারা। গোটা বিশ্বে সংগঠিতভাবে খুচরো ব্যাবসার ফলে কৃষিজ পণ্যের নষ্ট হওয়া রোধ হয়েছে। পাশাপাশি চাষিরাও যথাযথ মূল্য পাচ্ছে। এতদসত্ত্বেও সংকীর্ণ রাজনৈতিক স্বার্থের জন্য বিরোধীরা সরকারের নীতি রূপায়ণে বাধা দিচ্ছে।

এদিকে, বিদেশি লগ্নি সহ একাধিক বিষয়ে এদিনও অচল হয়ে রইল সংসদ। এদিন লোকসভায় প্রশ্নোত্তর পর্ব শুরু হওয়ার সঙ্গে সঙ্গে সিপিএম সাংসদ বাসুদেব আচারিয়া বিদেশি লগ্নি নিয়ে স্পিকার মীরা কুমারের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেন। তাঁর সঙ্গে ওই একই বিষয়ে মুলতুবি প্রস্তাব আনার দাবি তোলেন বিজেপি নেতা মুরলীমনোহর যোশি। তারা প্রবল হইহট্টগোল শুরু করে ওয়েলে নেমে এসে স্লোগান দিতে থাকেন। তাদের সঙ্গে যোগ দেন তৃণমূল কংগ্রেস সদস্যরাও। ফলে প্রথমে দুপুর ১২টা, পরে বুধবার পর্যন্ত মুলতুবি হয়ে যায় সংসদের উভয় কক্ষ।

বিন্দু বিসর্গ

...আয় খুকু আয়... আয় খুকু...

রুষ্ট মুখ্যমন্ত্রী

মগরাহাটে গুলি চালিয়ে পুলিশ অন্যায় করেছে

কলকাতা, ২ ডিসেম্বর (সংবাদ) : গতকাল দক্ষিণ ২৪ পরগনার মগরাহাটে পুলিশের গুলিতে প্রাণ হারিয়েছেন এক ছাত্রী সহ দুই মহিলা। তাদের নাম যথাক্রমে রেজিনা খাতুন (১৪) এবং সাহেরা বিবি (২৯)। এদিন মহাকরণে মুখ্যমন্ত্রী জানিয়ে দেন যে মৃত দুই মহিলার প্রত্যেকের পরিবারকে রাজ্য সরকার ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেবে। এছাড়া মগরাহাট থানার ভারপ্রাপ্ত অফিসার আশিস দাস ও ৩ কনস্টেবলকে আলিপুর পুলিশ লাইনে সরিয়ে নেওয়া হয়েছে। গতকালের পুলিশের ওই গুলিচালনার ঘটনার তদন্তের দায়িত্ব দেওয়া হয়েছে দক্ষিণবঙ্গের আইজি সঞ্জয় মুখার্জিকে। সেই রিপোর্ট হাতে পাওয়ার আগে ওই ৪ পুলিশ অফিসার ও কর্মীকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। গতকালের ঘটনার সময় মতন তাঁকে না জানানোয় বেজায় চটেছেন মুখ্যমন্ত্রী। এর দরুন রাজ্য প্রশাসনের এক বড়ো কর্তাকে সরিয়ে দেওয়া হতে পারে বলেও এদিন মহাকরণ সূত্রে জানা গেছে।

এদিন মহাকরণে মুখ্যমন্ত্রী আরও বলেন যে, গতকালের ঘটনার তদন্ত চলছে। তবে পুলিশ গুলি চালিয়ে অন্যায় করেছে। তিনি আরও বলেন যে, তাঁরা ক্ষমতায় এসে পুলিশে কেন নতুন নিয়োগ করতে পারেননি। আগের জমানায় যারা ছিলেন তারাই কাজ করছে। তবে সব পুলিশ কর্মীই খারাপ নয়। তিনি বলেন যে, ওই ঘটনায় যাদেরই দোষ থাকুক তাদের কাউকেই ছাড়া হবে না। সেইসঙ্গে তিনি বলেন যে পুলিশ অন্যায় করেছে ঠিকই, *এরপর সাতের পাতায়*

খেলার খবর

আজ অনিবার্য কারণে খেলার খবর ৯ ও ১২-র পাতায়

আপনার মতামত

আজকের প্রশ্ন

? পুলিশের ওপর প্রশাসনিক রাশ শিথিল হওয়াতেই কি মগরাহাটের ঘটনা ঘটেছে ?

SMS করুন।
আপনার মোবাইলের মেসেজ option থেকে type করুন UBSOPINION স্পেস দিয়ে লিখুন YES বা NO পাঠিয়ে দিন 575756 নম্বরে বিকেল চারটের মধ্যে।

গতকালের মতামত

বিদেশি লগ্নির বিরোধিতা করেও কেন্দ্রীয় সরকারের পাশে থেকে কি তৃণমূল দায়িত্বের পরিচয় দিল ?

হ্যাঁ	না
৮০%	২০%

দিনের কথা

'সংকীর্ণ রাজনৈতিক স্বার্থে খুচরো ব্যবসায় বিদেশি লগ্নি আটকালে তাতে ক্ষতিগ্রস্ত হবে চাষিরা।'

—প্রণব মুখোপাধ্যায়
কেন্দ্রীয় অর্থমন্ত্রী

আবহাওয়া

২ ডিসেম্বরের তাপমাত্রা

	সর্বোচ্চ (ডি.সে.)	সর্বনিম্ন (ডি.সে.)	বৃষ্টি (মিমি)
কলকাতা	২৮.৩	১৬.৯	—
শিলিগুড়ি	২৮.২	১৩.৮	—
জলপাইগুড়ি	২৯.২	১৬.৬	—
কোচবিহার	৩০.৫	১৪.২	—
মালদা	৩০.৬	১৮.৩	—
রায়গঞ্জ	৩০.১	১২.৯	—
গ্যাংটক	১৭.৩	৯.৮	—

শনিবারের পূর্বাভাস :
আকাশ সাধারণত পরিষ্কার থাকবে।

করলার জলে মিলল ৫ রকমের কীটনাশক

জলপাইগুড়ি, ২ ডিসেম্বর ঃ করলা নদীর বিষক্রিয়ার মূলে রয়েছে জলের মধ্যে পাঁচ রকমের কীটনাশকের উপস্থিতি। নদীর জল পরীক্ষা করে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান বিনয়কান্তি দত্ত শুক্রবার জানিয়েছেন, মিথাইল প্যারাথিয়ন, ম্যালাথিয়ন, ক্লরোপাইরিফস, এন্ডোসালফা (১) এবং এন্ডোসালফা (২)-এর উপস্থিতির কথা জানা গেছে। এই কীটনাশকগুলির কারণেই প্রচুর সংখ্যক মাছ মারা গেছে। এন্ডোসালফা (১) এবং এন্ডোসালফা (২) নিষিদ্ধ। নাব্যতা বৃদ্ধির জন্য তিস্তা নদী থেকে পাম্প করে করলা নদীতে শুক্রবার জল ফেলা হয়েছে। টানা কয়েকদিন ধরেই তিস্তা থেকে করলা নদীতে জল ফেলা হবে। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক বিনয়কান্তি দত্ত বৃহস্পতিবার জলপাইগুড়িতে আসেন। রাজ্যের মৎস্যমন্ত্রী আবু হেনা টেলিফোনে শুক্রবার এই প্রতিবেদককে জানিয়েছেন, মৎস্য বিজ্ঞানীদের রিপোর্ট হাতে পাওয়ার পর করলা নদীতে আবার মাছের প্রজননের ব্যাপারে উদ্যোগ নেওয়া হবে।

তিস্তা থেকে পাম্পের সাহায্যে জল পাঠানো হচ্ছে করলায়। ছবি ঃ রানা চ্যাটার্জি

উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী গৌতম দেব জানিয়েছেন, তিস্তা নদী থেকে আরও দ্রুততার সঙ্গে করলা নদীতে জল ফেলবার ব্যাপারে সেনাবাহিনীর সহায়তা নিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। করলা নদীর পাড়ে কর্মহীন মৎস্যজীবীদের অন্ত্যোদয় অন্নপূর্ণা যোজনার আওতায় আনা হচ্ছে। বিশিষ্ট নদী বিশেষজ্ঞ ডঃ কল্যাণ রুদ্র শুক্রবার টেলিফোনে জানিয়েছেন, তিস্তা ব্যারেজ থেকে যত তাড়াতাড়ি সম্ভব করলা নদীতে জল দেওয়া প্রয়োজন। জলপাইগুড়ি পুরসভার পক্ষ থেকে করলা নদী সংলগ্ন এলাকাতে জঞ্জাল সাফাইয়ের কাজ শুরু হয়েছে। শহরের সংলগ্ন ইন্দিরা কলোনি এলাকার পাশে করলা নদীর জল আটকে ধানের বীজতলা করা হয়েছে। পুরকর্মীরা ধানের বীজতলা নদী থেকে তুলে ফেলেছেন।

২৮ নভেম্বর সকালে করলা নদীতে প্রচুর মাছ মৃত অবস্থায় ভেসে ওঠে। পরবর্তীতে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পদস্থ আধিকারিকরা কয়েকদফাতে দূষিত জল এবং মৃত মাছের নমুনা সংগ্রহ করেন। *এরপর সাতের পাতায়*

শীতলকুচিতে জনতা-রক্ষী খণ্ডযুদ্ধে শূন্যে গুলি, জখম ৩

দিনহাটা ও কোচবিহার, ২ ডিসেম্বর ঃ বাংলাদেশে গাঁজা পাচার করার সন্দেহে এক যুবককে শীতলকুচি থানায় জমা দিতে এসে জনতার হাতে আক্রান্ত হন বি এস এফ। মারমুখী জনতাকে ছত্রভঙ্গ করতে বি এস এফ শূন্যে এক রাউন্ড গুলিও চালায়। জনতার ছোড়া পাথরে বি এস এফের দু-জন জওয়ান ও এক পুলিশ কর্মী আহত হয়েছেন। বি এস এফের গাড়ি ভাঙচুরও করা হয়েছে। আজ শীতলকুচিতে হাটবার ছিল। বি এস এফ-জনতার খণ্ডযুদ্ধে এলাকায় মুহূর্তের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সংঘর্ষ ও গুলির আওয়াজ শুনে হাটের লোকজন ছুটোছুটি শুরু করে দেন। নিমেষের মধ্যে দোকানপাট বন্ধ হয়ে যায়। এই খণ্ডযুদ্ধ নিয়ে তৃণমূল কংগ্রেস ও ফরওয়ার্ড ব্লকের পরস্পর বিরোধী বক্তব্য পাওয়া গেছে। তৃণমূল কংগ্রেস ও গ্রামবাসীদের দাবি, যাকে ধরা হয়েছে সে নির্দোষ। অন্যদিকে, বিএসএফ সূত্র জানিয়েছে, ধৃত যুবক মসিরুদ্দিন মিঞাকে সীমান্তের ওপারে গাঁজা পাচার করার সময় তাকে হাতেনাতে ধরে ফেলা হয়। ধৃত যুবক পুলিশ হেপাজতেই রয়েছে। বিষয়টি নিষ্পত্তির জন্য শীতলকুচি থানায় আলোচনায় বসেছেন বনমন্ত্রী হিতেন বর্মন, বি এস এফ কমান্ডান্ট ও পুলিশ।

প্রশ্ন উঠেছে থানায় ঢোকার মুখে বি এস এফের গাড়ি আটকে বিক্ষোভ দেখাবার সাহস জনতা পায় কোথা থেকে। শীতলকুচির ফুলবাড়ি সীমান্তে ইদানীং গোরু ও গাঁজা পাচার গুরুতর আকার ধারণ করেছে।

এরপর সাতের পাতায়

১০০ দিনের কাজে মিলল সেন আমলের মুদ্রা

নিউজব্যুরো, ২ ডিসেম্বর ঃ ১০০ দিনের প্রকল্পে মাটি খুঁড়ে রাস্তা তৈরির কাজ চলছিল। কিন্তু মাটি যতই খোঁড়া হচ্ছে ততই বেরিয়ে আসছে একের পর এক রুপোর মুদ্রা। দৃশ্য দেখে চোখ কপালে। এরপর প্রায় কোমর সমান মাটি খুঁড়ে শ্রমিকরা উদ্ধার করেন প্রায় আড়াই থেকে তিন কেজি রুপোর মুদ্রা। মুদ্রাগুলি দেখে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে সেগুলি সেন রাজাদের আমলের। শুক্রবার ঘটনাটি ঘটেছে ফালাকাটা ব্লকের পশ্চিম ডালিমপুর এলাকায়। মাটির নীচ থেকে গুপ্তধন পাওয়ার খবর শুনে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে ডালিমপুরে। মাটি খোঁড়ার কাজে নিযুক্ত শ্রমিকরা মুদ্রাগুলি আত্মসাৎ করেছেন বলে অভিযোগ স্থানীয় যুবকদের। তবে ফালাকাটার বিডিও সুশান্ত মণ্ডল পুলিশের সহায়তায় ৪৮টি মুদ্রা উদ্ধার করেছেন। রুপোর মুদ্রাগুলি সম্পর্কে নির্দিষ্ট তথ্য জানতে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় নমুনা পাঠাচ্ছে প্রশাসন।

এদিন পশ্চিম ডালিমপুর এলাকায় একটি সেতুর জন্য উঁচু করে রাস্তা তৈরির কাজ চলছিল। ১০০ দিনের কাজে স্থানীয় শ্রমিকরা এদিন সকাল থেকেই মাটি খোঁড়ার কাজ করছিলেন। স্থানীয় শ্রমিক শতবালা বর্মন, কৈলাস বর্মন প্রমুখ জানান, এদিন মাটি কুঁড়তে খুড়তে হঠাৎ তারা লক্ষ করেন মাটির নীচে কিছু জ্বলজ্বল করছে। সঙ্গে সঙ্গে বিষয়টি সবাইকে জানাতে কয়েকজন শ্রমিক জায়গাটি খুঁড়ে প্রচুর রুপোর টাকা বের করে আনে। কেজি তিনেক রুপোর টাকা পাওয়া গেছে বলে জানান তারা।

ইতিহাসের ছাত্র ওই এলাকারই যুবক গুপীনাথ বর্মন জানান, মুদ্রাগুলি দেখে প্রাথমিকভাবে মনে হচ্ছে এগুলি সেন আমলের। মুদ্রার গঠন, আকৃতি অনেকটা তারই ইঙ্গিত দিচ্ছে। প্রত্নতত্ত্ব নিয়ে গবেষণা করছেন এলাকার রবীন্দ্রনাথ বর্মন। তিনিও মুদ্রাগুলি সেন আমলের বলে প্রাথমিকভাবে অনুমান করছেন।

হাতের তালুতে মধ্যযুগের মুদ্রা। ছবি ঃ ভাস্কর শর্মা

তবে এ ব্যাপারে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অভিমত জানা জরুরি বলে উল্লেখ করেছেন তিনি। তিনি বলেন, ১১৯৭ খ্রিস্টাব্দে এখতিয়ারউদ্দিন মহম্মদ বিন বখতিয়ার খলজি যখন লক্ষ্মণ সেনের রাজধানী আক্রমণ করেন, সেসময় লক্ষ্মণ সেন পূর্ববঙ্গে পালিয়ে আসেন। আর ওই সময় বহু সম্পদ উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে সেন রাজারা লুকিয়ে রেখেছিলেন। এদিনের পাওয়া মুদ্রাগুলি সে সময়কার হতে পারে বলে তার অনুমান।

ব্লক প্রশাসন সূত্রে জানা গেছে, ৪৮টি মুদ্রার মধ্যে ৩৫টি বড়ো মাপের ও ১৩টি ছোটো আকারের। খাঁজকাটা প্রাচীন ওই মুদ্রাগুলিতে যে লিপি খোদাই করা আছে তা বাংলা হরফে নয়। পালি ভাষায় হতে পারে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

শুক্রবার রাতে ফালাকাটার বিডিও সুশান্ত মণ্ডল এক সাংবাদিক বৈঠকে বলেন, ডালিমপুর এলাকায় ১০০ দিনের কাজে মাটি খোঁড়ার কাজ চলছে। ৫/৬ ফুট খোঁড়ার পর মাটির তলা থেকে ওই মুদ্রাগুলি ওঠে এসেছিল। শ্রমিকদের অনেকেই তা লুকিয়ে রেখেছিলেন। শুক্রবার বিকেলে গোপনসূত্রে প্রাচীন ওই রুপোর মুদ্রার বিষয়ে জানার পরই ফালাকাটা থানার পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালানো হয়। এরপর গৌরাঙ্গ বর্মন, ধজেন বর্মন, কৈলাস বর্মন ও শতবালা বর্মন নামে চারজনের কাছ থেকে ৪৮টি রৌপ্য মুদ্রা উদ্ধার করা হয়। মনে হচ্ছে বাসিন্দাদের অনেকের কাছেই এখনও প্রচুর এরকম মুদ্রা রয়েছে। তল্লাশি চালিয়ে সেগুলিও উদ্ধার করা হবে। তবে উদ্ধার হওয়া মুদ্রাগুলি সম্পর্কে এখনও নির্দিষ্ট কিছুই জানা যায়নি। এ ব্যাপারে বিস্তারিত জানতে নমুনা হিসেবে দুটি মুদ্রা আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়াতে পাঠানো হচ্ছে।

RP-Sanjiv Goenka Group
spencer's
spencer's Monthly Delights
Let us delight you!
দৈনন্দিন কেনাকাটায় অতিরিক্ত লাভ
DEC 1st-10th
দারুণ অফার + স্মার্ট রিওয়ার্ড পয়েন্ট
₹ 119 মূল্যের সব্জি কিনুন
পান 1 kg চন্দ্রমুখি আলু ফ্রি
Valid on 3rd & 4th December, 2011
কাশ্মীরি আপেল Market Price ₹ 90/kg
spencer's মূল্য ₹ 79/kg
Valid on 3rd & 4th December, 2011
বেস্ট শাহিপাকোয়ান লম্বা দানা চাল 5 kg MRP ₹ 410
সাশ্রয় করুন ₹ 245
বিশেষ মূল্য ₹ 165
spencer's রাইট ভ্যালু বাসকাঠি চাল লুজ MRP ₹ 33.50/kg
বিশেষ মূল্য ₹ 31.90/kg
মহাকোষ সোয়াবীন তেল 1 l MRP ₹ 92
সাশ্রয় করুন ₹ 21.50
বিশেষ মূল্য ₹ 70.50
Have fun with great crunchy offers
ক্যাডবেরি ওরিও বিস্কুট 137.2 g MRP ₹ 24 প্রত্যেক
3 টি কিনুন ₹ 12 মূল্যের 1 টি ফ্রী পান
Not a standard pack size under the Legal Metrology (Packaged Commodities) Rules, 2011
টেস্টি ওয়ান্ডার্স নামকিন 150 g/125 g (নির্দিষ্ট ভ্যারিয়েন্ট) MRP ₹ 32
1 টি কিনলে 1 টি ফ্রি
মাউনটেইন ডিউ/7 আপ/ মিরিন্ডা অরেঞ্জ/ পেপ্সি 2 l MRP ₹ 63 প্রত্যেক
যে কোনও 2 টি কিনুন @ ₹ 99
গো নাচো চীজ সস্ 180 g MRP ₹ 79
1 টি কিনলে 1 টি ফ্রি
আমুল চিজ স্প্রেড প্লেইন 200 g MRP ₹ 60
বিশেষ মূল্য ₹ 58
টাইড লাইম/জ্যাসমিন অ্যান্ড রোজ ডিটারজেন্ট পাউডার 3.5 kg MRP ₹ 260
₹ 210
₹ 50 ছাড়
লরিয়েল শ্যাম্পু 400 ml (নির্দিষ্ট ভ্যারিয়েন্ট) MRP ₹ 220
₹ 195
₹ 25 ছাড়
* Terms & conditions apply. Offers valid till stocks last. Pictures are indicative. MRP inclusive of all taxes. Offers valid at Select Stores.
আপনার spencer's স্মার্ট রিওয়ার্ডস কার্ড সোয়াইপ করুন আর রিওয়ার্ড পয়েন্টস অর্জন করুন
City Centre Mall, Unit No. 8011, Block - H, Upper Basement, Uttarayan NH 31, Siliguri - 734010.
Ph No.: 9233515797
spencer's
MAKES FINE LIVING affordable
Toll Free No. - 1800 266 0134 | www.spencersretail.com
Customer Care Operational Hours (All Days, 8 am to 10 pm)
Email ID : customercare.spencers@rp-sg.in